



পায়রা বন্দর কর্তৃপক্ষ

কলাপাড়া, পটুয়াখালী

www.ppa.gov.bd

E-mail: payraport@ppa.gov.bd; Fax:+88 029349175

ঢাকা লিয়াজেঁ অফিস: আল-আমিন মিলেনিয়াম টাওয়ার (লেভেল-৭), ৭৫-৭৬ কাকরাইল, ঢাকা-১০০০।



অফিস আদেশ

পায়রা বন্দর কর্তৃপক্ষ Key Point Installation (KPI) ভুক্ত একটি প্রতিষ্ঠান। এছাড়া, বন্দরের প্রশাসনিক ভবনসহ ১৬ একর Custom Bonded এলাকাভুক্ত। বর্তমানে পায়রা বন্দরে বিভিন্ন উন্নয়নমূলক কার্যক্রম (ভূমি অধিগ্রহণের ফলে ক্ষতিগ্রস্থদের পুনর্বাসন, রাজস্বখাতে অফিসার্স কোয়ার্টার, Commercial Building, ৩২ একরে নিরাপত্তা গেট, প্রথম টার্মিনাল প্রকল্প, Service Jetty, Staff Dormitory, Officers Dormitory ও বন্দর চ্যানেলে বিভিন্ন ধরণের কার্যাদি) চলমান রয়েছে। উক্ত কাজগুলো বাস্তবায়নের সাথে জড়িত ঠিকাদারের নির্মাণ শ্রমিক ও পায়রা বন্দর কর্তৃপক্ষের দায়িত্বরত সকল কর্মকর্তা/কর্মচারীকে প্রাথমিক নিরাপত্তা নিশ্চিতকল্পে বিভিন্ন Safety Instrument (Helmet, Apron, Safety Shoe, Safety Belt, Safety Bolt, Safety Curtain, Safety Chain ইত্যাদি) ব্যবহার করতে হবে। উল্লিখিত কাজের ব্যত্যয় ঘটলে সংশ্লিষ্ট কর্মকর্তা, সুপারভাইজার ও অন্যান্যদের বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা এবং ঠিকাদারের Enlistment বাতিলসহ তার লাইসেন্স কালো তালিকাভুক্ত করা হবে। উল্লেখ্য যে, সম্প্রতি দু-একটি দুর্ঘটনার জন্য পায়রা বন্দর কর্তৃপক্ষের ভাবমূর্তি ক্ষুণ্ণ হচ্ছে এবং জীবন হানির মত ঘটনা ঘটেছে। এ প্রেক্ষিতে সার্বিক বিষয় বিবেচনায় কাজের পরিবেশ, নিয়ম কানুন ও সংস্কার ব্যবস্থায় নিম্নবর্ণিত বিষয়ে দ্রুত পদক্ষেপ গ্রহণ করা আবশ্যিক :

ক। নির্মাণকাজে ব্যবহৃত সকল যন্ত্রপাতি (Equipment) ব্যবহারের পূর্বে ঠিকাদার পরীক্ষা নিরীক্ষা করে যন্ত্রপাতির ব্যবহার উপযোগিতা নিশ্চিত করবে। উক্ত দায়িত্ব অবহেলার কারণে যদি কোন দুর্ঘটনা ঘটে তাহলে ঠিকাদার প্রতিষ্ঠান দায়ী থাকবে।

খ। নির্মাণ সরঞ্জাম বন্দরে প্রবেশের পূর্বে নিরাপত্তা বিভাগ/পুরকৌশল/তড়িৎ কৌশল/যান্ত্রিক /মেরিন এন্ড কনজারভেন্স/প্রশাসন ও হাইড্রোগ্রাফী বিভাগসহ কার্য সম্পাদনের সাথে সংশ্লিষ্ট বিভাগ যন্ত্রপাতির ব্যবহারযোগ্যতা পরীক্ষা নিরীক্ষাপূর্বক Site এ প্রবেশ নিশ্চিত করবে।

গ। পাবকের অপারেশন কার্যক্রম (Operational Activities) এর সাথে জড়িত হারবার মাস্টার, ডক মাস্টার, পাইলট, সুপারিনটেনডেন্ট (লাইট এন্ড মুরিং) লস্কর, সুকানী, গ্রীজার, খালাসী, মুরিং গ্যাং সহ সকল কর্মকর্তা/কর্মচারীর নিরাপত্তা (Safety), মেরিন এন্ড কনজারভেন্স বিভাগ ও হাইড্রোগ্রাফী বিভাগ নিশ্চিত করবে।

ঘ। তড়িৎ কৌশল বিভাগ ও যান্ত্রিক বিভাগ বিভিন্ন সময় ঝুঁকিপূর্ণ কাজ সম্পাদন করে থাকে। উক্ত কাজ সম্পাদনে সকল Safety Measure সম্পন্ন করতে হবে।

ঙ। বন্দরে যে কোন ধরনের অগ্নি নির্বাণনের জন্য (Short Circuit/বিভিন্ন উৎসের আগুন) সকলকে সদা সতর্ক থাকতে হবে।

চ। পায়রা বন্দর কর্তৃপক্ষের অফিসিয়াল কাজে ব্যবহৃত মোটরসাইকেল ব্যবহারকারী কর্মকর্তা/কর্মচারীদের সার্বিক নিরাপত্তার কথা বিবেচনা করে প্রয়োজনীয় কাগজপত্র (ড্রাইভিং লাইসেন্স) সংরক্ষণ ও নিম্নলিখিত নিয়ামাবলী পালন করতে হবে।

i) হেলমেট এবং

ii) দুইজনের অতিরিক্ত বহন না করা।

উপরিউক্ত কাগজপত্র (ড্রাইভিং লাইসেন্স) সংরক্ষণ ও নিয়ামাবলী পালন না করে মোটরসাইকেল ড্রাইভিং করা সম্পূর্ণ বেআইনি। পাবকের যে সকল কর্মকর্তা/কর্মচারীদের অনুকূলে মোটরসাইকেল বরাদ্দ দেওয়া হয়েছে তাদের আগামী ০১ (এক) মাসের মধ্যে প্রয়োজনীয় কাগজপত্র ব্যবস্থা করে নেওয়ার জন্য অনুরোধ করা হলো। কোন কর্মকর্তা/কর্মচারী নির্দিষ্ট সময়ে কাগজপত্র (ড্রাইভিং লাইসেন্স) না করতে পারলে তাদের মোটরসাইকেল বরাদ্দ বাতিল করা হবে এবং তদন্ত কমিটি গঠন পূর্বক তার বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা নেওয়া হবে।

ছ। ক্রমিক-চ এর (i, ii) আদেশ বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য পায়রা বন্দর কর্তৃপক্ষের “নিরাপত্তা বিভাগকে” অনুরোধ করা হলো।

২। ইহা যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারী করা হলো।

কমান্ডার এম রফিকুল হাসাইন, বিএন (অবঃ)

সদস্য (প্রশাসন ও অর্থ)

পায়রা বন্দর কর্তৃপক্ষ

19.08.2020

নথি নং-১৮.২১.৭৮৬৬.০০১.১৮.০০৩.২০/ ১০৬

তারিখঃ ১৮ আগস্ট, ২০২০ খ্রিঃ
০৩ ভাদ্র, ১৪২৭ বঙ্গাব্দ

বিতরণ (কার্যার্থে) :

১। সকল বিভাগীয় প্রধান/শাখা প্রধান/পাবক;

অনুলিপি(জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১। সকল সদস্য/পাবক;

২। পিএস টু চেয়ারম্যান, চেয়ারম্যান/পাবক মহোদয়ের সদয় অবগতির জন্য।